

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৭৩

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

الْفَصلُ التَّالِثُ

আরবী

وَعَنْ أَبِي مَطَرٍ قَالَ: إِنْ عَلِيًّا اشْتَرَى ثَوْبًا بِثَلَاثَةِ دَرَاهِمَ فَلَمَّا لَبِسَهُ قَالَ: «الْحَمْدُ لِلَّهِ الَّذِي رَزَقَنِي مِنَ الرِّيَاشِ مَا أَتَجَمَّلُ بِهِ فِي الناسِ وأُواري بِهِ عورتي» ثُمَّ قَالَ: هَكَذَا سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُول. رَوَاهُ أَحْمد

বাংলা

ফুটনোট

[1] য'ঈফ: তাহকীক মুসনাদে আহমাদ ১৩৫২, ১৩৫৪; তাহকীক মুসনাদে আবৃ ইয়া'লা ২৯৫।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ''আবূ মাত্বর'' নামে একজন বর্ণনাকারী। যিনি বাসরার অধিবাসী। তিনি সকলের ঐকমত্যে অপরিচিত। আরও একজন বর্ণনাকারীর নাম ''মুখতার ইবনু নাফি' আত্ তাম্মার'' তিনি একজন য'ঈফ বর্ণনাকারী। বিস্তারিত দেখুন- সিলসিলাতু্য য'ঈফাহ্ ১৩/৫৬১ পৃঃ, হাঃ ৬২৬৩।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ পোশাক পরিধানের সময় কোন্ দু'আ পড়তে হবে- সে সম্পর্কে একাধিক হাদীস বর্ণিত হয়েছে। কিন্তু এ



হাদীসটির সানাদ সহীহ না হওয়ায় এটি না পড়ে বরং সহীহ বর্ণনায় যে দু'আগুলো এসেছে সেগুলো পড়া উচিত। আবূ সা'ঈদ আল খুদরী (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন নতুন কাপড় পরতেন, তখন পাগড়ী, জামা কিংবা চাদর তার নাম নিয়ে এ দু'আ পড়তেন,

ٱللّٰهُمَّ لَكَ الْحَمْدُ ، أَنْتَ كَسَوْتَنِيهِ ، أَسْأَلُكَ مِنْ خَيْرِه وَخَيْرِ مَا صُنِعَ لَةً ، وَأَعُوذُ بِكَ مِنْ شَرَّه وَشَرّ مَا صُنِعَ لَةً.

"হে আল্লাহ! তোমারই নিমিত্তে সমস্ত প্রশংসা, তুমি আমাকে এই (নতুন কাপড়) পরালে, আমি তোমার নিকট এর কল্যাণ এবং এটি যার জন্য প্রস্তুত করা হয়েছে তার কল্যাণ প্রার্থনা করছি। আর এর অকল্যাণ এবং যার জন্য এটি প্রস্তুত করা হয়েছে তার অকল্যাণ থেকে আমি তোমার নিকট আশ্রয় চাচ্ছি।

[সুনান আবূ দাউদ হাঃ ৪০২৩, ইমাম ইবনুল কইয়িম (রহিমাহুল্লাহ) তাঁর 'যাদুল মা'আদ'' গ্রন্থে এবং শায়খ আলবানী (রহিমাহুল্লাহ) তাঁর সহীহ সুনান আবূ দাউদ-এ এটিকে সহীহ বলেছেন।

আর নতুন-পুরাতন যে কোন পোশাক পরিধানের সময় পড়ার দু'আ হচ্ছে :

الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ كَسَانِي هٰذَا الثَّوْبَ وَرَزَقَنِيهِ مِنْ غَيْرِ حَوْلٍ مِنِّي وَلَا قُوَّةٍ

"সকল প্রশংসা আল্লাহর, যিনি আমাকে এ (কাপড়) পরিধান করিয়েছেন এবং আমার কোন শক্তি ও ক্ষমতা ছাড়াই আমাকে দান করেছেন।" (সুনান আবূ দাউদ হাঃ ৪০২৩; আলবানী : সহীহ)

পোশাক পরিধানের ক্ষেত্রে এ দু'টি দু'আই গ্রহণযোগ্য সনদে বর্ণিত হয়েছে। এ হাদীসে উল্লেখিত দু'আটি সহ অন্যান্য দু'আগুলো গ্রহণযোগ্য সূত্রে বর্ণিত হয়নি বিধায় তা 'আমলযোগ্য নয়। [সম্পাদক]

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবু মাত্বর (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন